

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড,
সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

বিষয়ঃ হাইড্রোকার্বন ইউনিটের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন সংক্রান্ত কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম।
সভার তারিখ	২৫-১১-২০২১ ইং
সভার সময়	বৃহস্পতিবার, বিকাল ০২:০০ ঘটিকা
স্থান	হাইড্রোকার্বন ইউনিট, মিনিকনফারেন্স রুম।
উপস্থিতি	ক) জনাব শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) ও সদস্য সচিব, ইনোভেশন টিম। খ) জনাব মোঃ নাজমুল হক, সহকারি পরিচালক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম গ) জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব) ও সদস্য, ইনোভেশন টিম এবং ঘ) জনাব এম. আলাউদ্দিন আল আজাদ, সহকারি পরিচালক (অপারেশন) ও সদস্য, ইনোভেশন টিম।

২.০। আলোচনাঃ

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। প্রথম সভার সিদ্ধান্ত অনুযায়ী ইনোভেশন কর্মপরিকল্পনা মোতাবেক ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক কর্মশালা এবং উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। ২য় কোয়ার্টার এ আরও একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে বলে সদস্য সচিব সভাকে অবহিত করেন। এছাড়াও ইনোভেশন টিম পুনর্গঠন ও ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে। উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করা হয়েছে। ফোকাল পয়েন্ট জনাব মোঃ নাজমুল হক বলেন তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ রয়েছে এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি বাতায়নে প্রকাশ করা হয়েছে। এছাড়াও ২য় কোয়ার্টার এর মধ্যে ডিজিটলাইজডকৃত সেবার অফিস আদেশ জারি করতে হবে।

২.২। সভাপতি উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন, প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাই পূর্বক তালিকা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করা, ডিজিটলাইজডকৃত সেবার অফিস আদেশ জারি এবং প্রকাশনা ও তথ্যাদি বাতায়নে প্রকাশ ও ওয়েবসাইটে সেবা বক্স হালনাগাদ করার বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০। সিদ্ধান্তঃ

- উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ডিজিটলাইজডকৃত সেবার অফিস আদেশ জারি করতে হবে।
- উদ্ভাবনী ধারণা যাচাই-বাছাই পূর্বক তালিকা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি বাতায়নে প্রকাশ করতে হবে।
- উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণ করতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও
চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম।

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.২০৯

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৮
০১ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ২) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) , হাইড্রোকার্বন ইউনিট
- ৪) সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
- ৫) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।



মোঃ জাকির হোসেন
পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)